

৫০ (১০/১১/০৭)

ভূমি সংকটের কারণে জবি'র শিক্ষা কার্যক্রম ব্যাহত

॥ জবি থেকে আঁতড়ার হোনেন ॥

ভূমি সংকটের কারণে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২০ তলা ভবন নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে। অবচ এ ক্যাম্পাসে প্রায় এক একর জমি দখল করে আছে বাংলাদেশ ব্যাংক। ক্যাম্পাসের বাহিরে ১২টি ফল ও দুগ্ধখোলা বেগার মাঠ নিয়ে প্রায় ১৫ একর ভূমি রয়েছে। কিন্তু এ ভূমিগুলো অবৈধ দখল ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের হস্তছাড়া হয়ে আছে। উদ্ধারের কোন পরিকল্পনা নেই।

১৮৬৮ সালে স্বল্প পরিসরে জগন্নাথ ষ্ট্রল প্রতিষ্ঠা ও পরে ১৮৮৪ সালে এ ষ্ট্রলকে কলেজে উন্নীত করা হয়। তখন কলেজ শাখায় ছাত্র ছিল মাত্র ৪৮ জন। সময়ের বিবর্তনে ২০০৫ সালের ২০ অক্টোবর জগন্নাথ কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হয়। ছাত্র সংখ্যা দাঁড়ায় ৩৮ হাজার। এ বিশ্ববিদ্যালয় মাত্র ৯ একর ভূমির উপর প্রতিষ্ঠিত। ক্যাম্পাসটি এত ছোট যে, সকল শিক্ষার্থীর এক সঙ্গে দাঁড়ানো সম্ভব নয়।

সাধারণ শিক্ষার্থীদের ক্যাম্পাসে বসার মতও জায়গা নেই। একটি মাত্র গেট দিয়ে ছাত্র-ছাত্রীদের ভিতরে ঢোকা ও বের হতে অসুবিধা হয়। এ কারণে ছাত্র-ছাত্রীদের মাঝে প্রায়ই অশান্তিকর ঘটনা ঘটে থাকে। ক্লাস রুম সংকটের কারণে একাধিক বিভাগের শিক্ষার্থীদের বাহিরে দাঁড়িয়ে ক্লাস করতে হয়। একই সময় দুইয়ের অধিক ক্লাস নেয়া সম্ভব হয় না। ভূমি সংকট পূর্ণকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের তিনি ডঃ সিরাজুল ইসলাম বলেন, কোন শিক্ষা প্রতিষ্ঠানে ২০ তলা ভবন উপযুক্ত নয়। কিন্তু ভূমি সংকটের কারণে আমাদের এটা করতে হচ্ছে। তিনি বলেন, জগন্নাথ কলেজের সম্পত্তি উদ্ধারের জন্য অনুসন্ধান কমিটি গঠন করা হবে।

এ ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের সদর ঘাট শাখার ম্যানেজার নূর মোহাম্মদ হাওপাদার বলেন, এটি জগন্নাথ কলেজের জমি ছিল না। এটি ছিল ইতিয়া স্টেট ব্যাংকের জমি।